ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ১৩তম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩১ আষাঢ় ১৪২৬, ১৫ জুলাই ২০১৯

রাষ্ট্রপতি মো: আব্দুল হামিদের সাথে বঙ্গভবনে গত ৪ জুলাই ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সাক্ষাৎ করেন।

‘শিক্ষা ও গবেষণায় উৎকর্ষ সাধন কমিটি’ গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে মতামত ও সুপারিশ প্রণয়নের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও ক্লিনিক্যাল ফার্মেসি এন্ড ফার্মাকোলজী বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরীকে আহ্বায়ক করে ১০-সদস্য বিশিষ্ট ‘শিক্ষা ও গবেষণায় উৎকর্ষ সাধন কমিটি (Committee for Excellence in Education and Research)’ গঠন করা হয়েছে। এই কমিটি গত ৪ জুলাই ২০১৯ গঠন করা হয়।

কমিটির সদস্যরা হলেন- পল্লী কর্মসংস্থান সংস্থার চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জামান আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, ইংরেজি বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম, প্রাণরসায়ন ও অণুপ্রান বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাসিনা খান, জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগের অধ্যাপক ড. জেসমিন, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. হাসিনা শেখ, ডাকসু'র সহ-সভাপতি মো. নুরুল হক এবং সাধারণ সম্পাদক গোলাম রব্বানী। আইসিটি সেলের পরিচালক কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

কমিটি বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান শিক্ষা ও গবেষণার মান এবং সার্বিক পরিবেশ পর্যালোচনাপূর্বক গুণগতমান উন্নয়নের জন্য করণীয় বিষয়ে সুপারিশ প্রদান করবে।

টেকসই অর্থনৈতিক উন্নয়ন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনৈতিক গবেষণা ব্যুরো এবং অর্থনীতি বিভাগের যৌথ উদ্যোগে ‘Inclusive Growth for Sustainable Development’ শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ৬ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের মোজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এতে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শফিক-উজ-জামান, অর্থনৈতিক গবেষণা ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক এম এম আকাশ এবং ব্যুরোর পরিচালক অধ্যাপক ড. নাজমা বেগম বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, আমাদের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে অর্থনীতি বিভাগ ও অর্থনৈতিক গবেষণা ব্যুরো যৌথভাবে এই আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করায় আয়োজকদের ধন্যবাদ জানান। তিনি বলেন, সমাজের সকল স্তরের মানুষের সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ এবং টেকসই উন্নয়নে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উপাচার্য এই সম্মেলনে অংশগ্রহণকারী দেশ-বিদেশের অর্থনীতিবিদ ও গবেষকগণকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, তারা তাদের গবেষণা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে দেশ ও জাতির টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।

পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান শিক্ষক, গবেষক ও অর্থনীতিবিদদের আরও বেশি করে গবেষণা করার আহ্বান জানিয়ে বলেন, আমাদের টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে আপনারা আপনাদের গবেষণার মাধ্যমে দেশ, জাতি ও সমাজের প্রকৃত অবস্থা তুলে ধরবেন। এ ব্যাপারে গবেষণা প্রকল্প নিয়ে আসলে সরকার আপনাদের সার্বিক সহযোগিতা করবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার প্রতিটি ক্ষেত্রে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের মাধ্যমে সকলের জন্য সমান সুযোগ-সুবিধা নিশ্চিত করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এজন্য প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে সকলকে এগিয়ে আসতে হবে এবং সম্মিলিতভাবে কাজ করতে হবে।

দু'দিনব্যাপী এই সম্মেলনে দেশ-বিদেশের অর্থনীতিবিদ ও গবেষকগণ ৩০টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করবেন।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে (জুলাই-ডিসেম্বর) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনা ও চাকুরীর প্রমাণপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের (২য় পৃষ্ঠায় দেখুন)

জনসংখ্যা দিবস উপলক্ষ্যে সেমিনার

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগের উদ্যোগে “25 Years of the International Conference on Population and Development (ICPD): Accelerating the Promise” শীর্ষক এক সেমিনার গত ১১ জুলাই ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনার উদ্বোধন করেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)

বাংলাদেশ ফিলসফিক্যাল সোসাইটি'র জাতীয় সম্মেলন

বাংলাদেশ ফিলসফিক্যাল সোসাইটি'র (বিপিএস) প্রথম জাতীয় সম্মেলন গত ৪ জুলাই ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসিতে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী এই সম্মেলন উদ্বোধন করেন। দর্শন বিভাগের চেয়ারম্যান ও বিপিএস-এর সভাপতি অধ্যাপক ড. মো. সাজাহান মিয়ার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ও বিপিএস-এর সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ কামরুল আহসান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যে বলেন, কোন বিষয়কে গভীরভাগে দেখা ও উপলব্ধি করার জন্য যে জ্ঞান দরকার দর্শন সেই শিক্ষা দেয়। যারা দর্শন অধ্যয়ন করেন তারা দর্শনের সামগ্রিকতা ও সার্বজনীনতা দেশ, সমাজ ও জাতিসত্তায় প্রতিফলন করে থাকেন। সারাদিনব্যাপী উপস্থাপিত প্রবন্ধসমূহের বিষয়বস্তু আমাদের জীবনে ও সমাজে ইতিবাচক প্রভাব ফেলবে এবং উদার নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন সমাজ ও মানুষ গঠনে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, দর্শন ছাড়া সাহিত্য বুঝা সম্ভব নয়। বিজ্ঞানেও আছে দর্শনের অবদান। সারা পৃথিবীর মানুষ একটি ক্রান্তিকালে আছে, বস্তুবাদী সভ্যতা আমাদের গ্রাস করে নিচ্ছে। দর্শনের মৌলিক শিক্ষা এই অবস্থা থেকে পরিত্রাণ দিতে পারে।

উল্লেখ্য, দিনব্যাপী এই সম্মেলনের দ্বিতীয় পর্বে তিনটি অধিবেশনে বাংলাদেশ দর্শন, প্রায়োগিক দর্শন ও দর্শনের অন্যান্য শাখায় দেশের প্রথিতযশা পন্ডিতবর্গ প্রবন্ধ উপস্থাপন, আলোচনা ও মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উপলক্ষ্যে ডাকসু'র উদ্যোগে গত ৪ জুলাই ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্রে এক আলোকচিত্র প্রদর্শনী ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, ডাকসু'র সাবেক ভিপি ও বিশ্ববিদ্যালয় সিনেট সদস্য অধ্যাপক মাহফুজা খানম, ডাকসু'র সহ-সাধারণ সম্পাদক মো. সাদ্দাম হোসেনসহ ডাকসুর অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

টেকসই অর্থনৈতিক উন্নয়ন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন সমাপ্ত

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনৈতিক গবেষণা ব্যুরো এবং অর্থনীতি বিভাগের যৌথ উদ্যোগে 'Inclusive Growth for Sustainable Development' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ৭ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের মোজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে সমাপ্ত হয়েছে।

অর্থনৈতিক গবেষণা ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক এম এম আকাশের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি। এতে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম । অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামান এবং ব্যুরোর পরিচালক অধ্যাপক ড. নাজমা বেগম ।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি দু'দিনব্যাপী এই সম্মেলনে অংশগ্রহণকারী দেশ-বিদেশের অর্থনীতিবিদ, শিক্ষাবিদ ও গবেষকগণকে এবং আয়োজকদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করে বলেন, আমাদের টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে এই সম্মেলনের সুপারিশ ও মতামত গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এ ধরনের সম্মেলন আরও বেশি করে আয়োজনের মাধ্যমে গবেষক এবং সরকারের নীতিনির্ধারকদের মধ্যে যোগাযোগ বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন। ডা. দীপু মনি দেশের সার্বিক উন্নয়নে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষকদের গবেষণা কর্মকান্ড পরিচালনায় সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গতকাল ০৬ জুলাই ২০১৯ এই সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দু'দিনব্যাপী এই সম্মেলনে দেশ-বিদেশের অর্থনীতিবিদ ও গবেষকগণ ৩০টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর জেনোসাইড স্টাডিজ-এর উদ্যোগে 'পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জেনোসাইড স্টাডিজ' কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান গত ১২ জুলাই ২০১৯ শুক্রবার বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সে উত্তীর্ণদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। সেন্টার ফর জেনোসাইড স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আবদুল বাছির উপস্থিত ছিলেন।

গণিত বিভাগের নবীন বরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের বিএস (সম্মান) ১ম বর্ষ শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠান গত ১৪ জুলাই ২০১৯ বিভাগীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিভাগীয় অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল এবং ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ বাবুল হাসান।

প্রধান অতিথির ভাষণে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিভাগের নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার ভিতর গণিত হচ্ছে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মৌলিক শাখা। গণিতের মাধ্যমেই বিজ্ঞানের সকল শাখা বিকশিত হয়েছে। তিনি লেখা-পড়া করে জ্ঞান অর্জনের মাধ্যমে সৎ ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে নিজেদেরকে গড়ে তোলার জন্য নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। আমাদের মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন ও আদর্শ থেকে শিক্ষা নিয়ে শিক্ষার্থীরা দেশ ও জাতির সেবায় বলিষ্ঠ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের ২য় পর্বে বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মাচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি

(১ম পৃষ্ঠার পর) সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/ বিভাগের চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচডি প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এমফিল-পিএইচডি শাখায় যোগাযোগ করা যাবে।

বিশিষ্ট ভাষাসৈনিক আবু জায়েদ শিকদারের স্মরণ সভা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার ও ভাষাসৈনিক আবু জায়েদ শিকদারের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে এক স্মরণ সভা গত ৪ জুলাই ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদের সভাপতিত্বে স্মরণ সভায় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, অধ্যাপক ড. আবুল বারকাত, বিচারপতি এ এফ এম মেজবাহ্উদ্দিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, প্রয়াত আবু জায়েদ শিকদারের মেয়ে লুৎফা হাসান রোজী প্রমুখ বক্তব্য রাখেন। এসময় প্রয়াত আবু জায়েদ শিকদারের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

বক্তারা আবু জায়েদ শিকদারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি অত্যন্ত সৎ, আদর্শবান, নিষ্ঠাবান, প্রগতিশীল ও দেশপ্রেমিক নাগরিক এবং সুস্থ সংস্কৃতির ধারক ও বাহক ছিলেন। তিনি একাধারে শিক্ষক, গবেষক, গ্রন্থ রচয়িতা, চিত্রশিল্পী, গণিতবিদ ও সংগঠক ছিলেন। সরকারী কলেজের শিক্ষক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক ও রেজিস্ট্রার হিসেবে তিনি অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন। মহান ভাষা আন্দোলনে অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। তাঁর আদর্শ অনুসরণের মাধ্যমে ভালো মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য বক্তারা নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান।

কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রদান এবং বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৪ জুলাই ২০১৯ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্রীদের মাঝে স্বর্ণপদক, সার্টিফিকেট ও বৃত্তির চেক বিতরণ করেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাক ড. মো: কামাল উদ্দীন। এসময় অন্যান্যের মধ্যে হলের প্রাক্তন প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নীলুফার নাহার, হল ট্রাস্ট ফান্ড কমিটির আহ্বায়ক ও আবাসিক শিক্ষক সায়মা খানম, বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতা বিষয়ক কমিটির আহ্বায়ক ও আবাসিক শিক্ষক ড. মহসিনা আক্তার খানম সহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ এবং হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বক্তব্যের শুরুতেই বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের এবং সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন, শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন, প্রতিটি শিক্ষার্থীর জন্য নিরাপদ জায়গা হচ্ছে শিক্ষকরা। কোন শিক্ষার্থী যেন বাধাগ্রস্ত, হতাশাগ্রস্ত না হয়ে পড়ে সেদিকে শিক্ষকদের আন্তরিকভাবে এগিয়ে আসতে হবে এবং তাদেরকে অণুপ্রেরণা দিতে হবে। শিক্ষার্থীদের প্রকৃত আর্থিক অবস্থা বুঝে তাদেরকে বৃত্তির আওতায় আনতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, চলার পথে তোমাদের সামনে নানা বাধা-বিপত্তি, প্রতিবন্ধকতা কিংবা বড় চ্যালেঞ্জ আসতে পারে। তোমাদের সাহস, নৈতিক মূল্যবোধ ও দৃঢ়চিত্তের সাথে এসব বাধা-বিপত্তি ও প্রতিবন্ধকতাকে পেছনে ফেলে সামনে এগিয়ে যেতে হবে।

প্রথমবারের মতো কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক পেয়েছেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রী মোহসিনা জেবিন তমা। অনুষ্ঠানে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ৬জন ছাত্রীকে ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের ৫জন ছাত্রীকে মেধাবৃত্তি, ১ম বর্ষের ১২জন, ২য় বর্ষের ১০জন, ৩য় বর্ষের ৪জন ও ৪র্থ বর্ষের ৪জন ছাত্রীকে সাধারণ বৃত্তি এবং ৪জন ছাত্রীকে "সহ-পাঠ্যক্রম বৃত্তি" প্রদান করা হয়। এছাড়া, ১০টি ক্যাটাগরিতে অনুষ্ঠিত বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১১ জুলাই ২০১৯ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের সংস্কারকৃত অফিস কক্ষের উদ্বোধন করেন। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, বিভাগীয় চেয়ারম্যান ড. ফাজরীন হুদা, খন্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. কে এ এম সা'দ উদ্দিন, অনারারি অধ্যাপক ড. কাজী নূরুল ইসলাম এবং বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সামাজিক সংগঠন সভ্যতার উদ্যোগে 'সন্তানদের সঠিক ধর্মীয় শিক্ষা ও সৎ উপার্জনে লালন পালনই বৃদ্ধ বয়সে সুখ আর সম্মানে থাকার পাথেয়' শীর্ষক আলোচনা সভা গত ৬ জুলাই ২০১৯ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বক্তব্য রাখেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল সংসদ এবং রোকেয়া হল রেঞ্জার ইউনিটের উদ্যোগে গত ১০ জুলাই ২০১৯ হল প্রাঙ্গনে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। এসময় হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা, ডাকসু'র সমাজসেবা সম্পাদক আখতার হোসেন, হল সংসদের ভিপি ইসরাত জাহান তন্বী এবং জিএস সায়মা আক্তার প্রমিসহ হল সংসদের নেতৃবৃন্দ, আবাসিক শিক্ষকবৃন্দ, রেঞ্জার ইউনিটের সদস্যরা ও কর্মকর্তা-কর্মচারীগন উপস্থিত ছিলেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

মাহিদুল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল

থাইল্যান্ডের মাহিদুল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রোসারিন গ্রে-এর নেতৃত্বে পাঁচ-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১০ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধি দলের অন্যান্য সদস্য হলেন ড. পুজানা হুনচাংসিথ, ড. উমাপুম পাত্তারাভ্যানিচ, মিজ সাওয়াপক সুকসিনচাই এবং মিজ পলিচম পু সুকোস্টিফ।

এসময় ঢাবি পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম এবং জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মাহিদুল বিশ্ববিদ্যালয়-এর মধ্যে জনসংখ্যা বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, তাঁরা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় এবং যৌথভাবে সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজনের ব্যাপারেও মতবিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষা ও গবেষণায় নতুন নতুন ক্ষেত্র উন্মোচনের ব্যাপারে গুরুত্বারোপ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মাহিদুল বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বিশেষ করে জনসংখ্যা বিষয়ক কর্মকাণ্ডে পারস্পরিক সহযোগিতা স্থাপন করতে হবে। এ ব্যাপারে উপাচার্য এবং প্রতিনিধিদল একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।

অধ্যাপক ড. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ শিক্ষা-গবেষণা কার্যক্রম গ্রহণের ব্যাপারে আগ্রহ প্রকাশের জন্য মাহিদুল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান।

যুক্তরাজ্যের প্রতিনিধিদল

যুক্তরাজ্যের শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. হাসনাত হুসাইনের নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১০ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন অধ্যাপক নিকোলাস ল্যাঙ্গাম, পল টাউন্সলি, নাইজেল লংস্টাফ, ফাতিহ আদাক এবং শাহিদা হুসাইন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের শিক্ষা খাতের উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে তারা সমন্বিত শিক্ষা পদ্ধতি চালু করার ওপর গুরুত্বারোপ করেন। যুক্তরাজ্য প্রতিনিধি দলের সদস্যরা বাংলাদেশের শিক্ষা খাতের উন্নয়নে সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন।

উল্লেখ্য, যুক্তরাজ্যের এই প্রতিনিধিদল ময়মনসিংহে "ইন্টারন্যাশনাল স্কুল অব ভালুকা" শীর্ষক এক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সফর করে।

যুক্তরাজ্যের শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. হাসনাত হুসাইনের নেতৃত্বে ৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১০ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

থাইল্যান্ডের মাহিদুল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রোসারিন গ্রে-এর নেতৃত্বে পাঁচ-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১০ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে।

এসএমই উদ্যোক্তাদের ব্যবসা সাফল্য উপস্থাপন

'এসএমই উদ্যোক্তাদের ব্যবসা সাফল্য উপস্থাপন' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠান গত ১০ জুলাই ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ড. মোহাম্মদ হাবিবুল্লাহ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন এই অনুষ্ঠান আয়োজন করে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. রাজিয়া বেগম। স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক এসএম শাহীন আনোয়ার।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বিশ্ববিদ্যালয়ের একটি মৌলিক কাজ হল সৃজনশীলতা। তাত্ত্বিক জ্ঞানের সাথে ব্যবহারিক জ্ঞানের সংমিশ্রণ ঘটলে সৃজনশীলতা তৈরি হয়। অভিজ্ঞতালব্ধ জ্ঞান কাজের গুণগত মান বৃদ্ধি করে। এই ধরনের কাজে শিক্ষার্থীদের অনুপ্রেরণা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় সবসময় তৎপর। তিনি বলেন, শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি এখন পরিবর্তন হয়েছে। চাকুরীর পেছনে ঘোরাঘুরি করে সময় নষ্ট করার চেয়ে নিজের সৃজনশীলতা দিয়ে উদ্যোক্তা হবার প্রতি তাদের আগ্রহ জন্মেছে। অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনে সৃজনশীল যুব শক্তির কোনো বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, দক্ষ উদ্যোক্তা তৈরির মাধ্যমে আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হব।

উল্লেখ্য, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রাপ্ত ৪জন সফল উদ্যোক্তা তাদের সাফল্যের খুঁটিনাটি বিষয় অনুষ্ঠানে উপস্থাপন করেন। তারা হলেন গাজী তৌহিদুর রহমান, মাসুদা ইয়াসমিন উর্মি, এ টি এম সামসুজ্জামান এবং মাকসুদা হাসনাত।

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উপলক্ষ্যে ডাকসু'র উদ্যোগে গত ১ জুলাই ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণ থেকে এক সাইকেল র‍্যালি বের করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই র‍্যালির উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সাইক্লিং ক্লাবের সদস্যরাসহ বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা এ র‍্যালিতে অংশ নেন। এসময় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, ডাকসু'র সহ-সাধারণ সম্পাদক মো. সাদ্দাম হোসেনসহ ডাকসু'র অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

৩-ডি অ্যানিমেশন বিষয়ক কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের এ্যানিমেশন ল্যাবরেটরী-এর উদ্যোগে '3-D Animation in Bangladesh' শীর্ষক এক সিম্পোজিয়াম গত ১৩ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (CARS)-এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

সিম্পোজিয়ামটি দু'টি পর্বে অনুষ্ঠিত হয়। প্রথম পর্বে 3-D Animation শিল্পের উদ্যোক্তা, বিজ্ঞাপনী সংস্থা, ইলেকট্রনিক মিডিয়া ও এ বিষয়ের শিক্ষাবিদগণ গুরুত্বপূর্ণ আলোচনা করেন। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ্যানিমেশন ল্যাবরেটরীতে গত দুই বছরে শিক্ষার্থীদের দ্বারা সম্পন্ন নির্বাচিত প্রজেক্টসমূহ প্রদর্শন করা হয়।

১ম পর্বে অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান, গ্রাফিক ডিজাইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক রেজা আসাদ আল হুদা অনুপম এবং কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অ্যানিমেশন ল্যাবের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. মো. রেজাউল করিম বক্তব্য রাখেন। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাইকোর স্টুডিওস লিমিটেডের প্রতিষ্ঠাতা ও সিইও মুরাদ আবরার।

দ্বিতীয় পর্বে 'Future of Animation Industry in Bangladesh' শিরোনামে এক প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।

সান্ধ্যকালীন মাস্টার্স কোর্সে ভর্তি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের সান্ধ্যকালীন 'মাস্টার্স ইন সোসিওলজি' কোর্সের ভর্তি পরীক্ষা গত ৬ জুলাই ২০১৯ সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। এসময় অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক রাশেদা ইরশাদ নাসির এবং বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের সান্ধ্যকালীন 'মাস্টার্স অফ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন' কোর্সের ভর্তি পরীক্ষা গত ১২ জুলাই ২০১৯ সামাজিক বিজ্ঞান অনুষদে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। এসময় বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেমসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

জনসংখ্যা দিবস উপলক্ষ্যে সেমিনার



(১ম পৃষ্ঠার পর) পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং ইউএনএফপিএ বাংলাদেশের ডেপুটি কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. ইকো নারিতা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. বরকত-ই-খুদা এবং বাংলাদেশ পপুলেশন কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর ড. ওবায়দুর রব আলোচনায় অংশ নেন। পপুলেশন সায়েন্সেস বিভাগের সহযোগী অধ্যাপক মো. রবিউল হক স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মৃত্যু হার হ্রাস এবং প্রজনন স্বাস্থ্য উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ অসাধারণ সাফল্য অর্জন করেছে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে দারিদ্র বিমোচন, লিঙ্গ সমতা ও দক্ষ মানবসম্পদ তৈরির উপর তিনি গুরুত্বারোপ করেন।

পরে উপাচার্য রচনা প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

বাংলাদেশ : কর্তৃত্ববাদী রাজনীতির চালচিত্র শীর্ষক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় নাজমুল করিম স্টাডি সেন্টারের উদ্যোগে গত ১০ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে 'নাজমুল করিম স্টাডি সেন্টার বক্তৃতা-২০১৯' অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে 'বাংলাদেশ: কর্তৃত্ববাদী রাজনীতির চালচিত্র' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ। এসময় সেন্টারের পরিচালক অধ্যাপক ড. নেহাল করিম উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, আমাদের বুদ্ধিজীবীরা এখন যথাযথ ভূমিকা পালন করছেন না। তারা সমাজ, দেশ ও জাতিকে সঠিক পথ দেখাচ্ছেন না। সমাজ থেকে পুঁজিবাদকে দূর করতে হবে। তা না পারলে সমাজ আরও ভয়াবহ রূপ ধারণ করবে।

মহিউদ্দিন আহমদ 'বাংলাদেশ: কর্তৃত্ববাদী রাজনীতির চালচিত্র' শীর্ষক বক্তৃতায় বলেন, "রাজনীতি যখন প্রতিহিংসার শিকার হয় বা নেপথ্যে চলে যায়, তখন বুদ্ধিজীবীরা পথ দেখান। এখন বুদ্ধিজীবী সম্প্রদায়ের মধ্যে পদ-পদবি-পদকের মোহ এত বেশি যে, তারা রাজনীতিবিদদের তথা রাজনৈতিক দলগুলোর মোসাহেবে পরিণত হয়েছেন। বুদ্ধিজীবীদের অধঃপতনের আরেকটি কারণ বা অনুষঙ্গ হলো সামাজিক আন্দোলন থেকে দূরে থাকা।"

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সানলাইফ ইনসিওরেন্স কোম্পানির মধ্যে চুক্তি স্বাক্ষর

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বীমা সুবিধা প্রদানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সানলাইফ ইনসিওরেন্স কোম্পানি লিমিটেডের মধ্যে গত ১৪ জুলাই ২০১৯ এক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং সানলাইফ ইনসিওরেন্স কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক একেএম শরিফুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সানলাইফ ইনসিওরেন্স কোম্পানি লিমিটেডের চেয়ারপার্সন অধ্যাপক রুবিনা মালেক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান এবং উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায় সানলাইফ ইনসিওরেন্স কোম্পানি ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের এককালীন বীমা সুবিধা প্রদান করবে।

৩৫০ জন অসচ্ছল শিক্ষার্থীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৩৫০ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। গত ৪ জুলাই ২০১৯ অনুষদের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। উল্লেখ্য, এনসিসি ব্যাংক লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামিক ব্যাংক লিমিটেড এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর আর্থিক সহযোগিতায় এই বৃত্তি প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে ফার্স্ট সিকিউরিটি ইসলামিক ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো. আলী, এনসিসি ব্যাংক লিমিটেডের উপ ব্যবস্থাপনা পরিচালক খোন্দকার নায়েমুল কবির এবং ব্র্যাক ব্যাংকের উপ ব্যবস্থাপনা পরিচালক চৌধুরী আখতার আসিফ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. রাজিয়া বেগম এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. হাসিনা শেখ বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অসচ্ছল শিক্ষার্থীদের সাহায্যে এগিয়ে আসার জন্য সমাজসেবী ও বিত্তবানদের প্রতি আহ্বান জানান। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে তিনি সমন্বিত সমাজ ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

অধ্যাপক একেএম আব্দুল মান্নান ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং ফলিত গণিত বিভাগের ২জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক একেএম আবদুল মান্নান ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন -মো. মোজাইদুল ইসলাম এবং মো: সুমন।

গত ৪ জুলাই ২০১৯ কোষাধ্যক্ষ অফিসে এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। এ সময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী এবং গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, অধ্যাপক একেএম আব্দুল মান্নান সরকারী কলেজের গণিত বিভাগের শিক্ষক ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তার তিন ছেলে মেয়ের সবাই সমাজে সুপ্রতিষ্ঠিত। ২০১৭ সালে তিনি ইন্তেকাল করেন।

কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত "কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড"-এর মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষ্যে কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান ৭৫ লাখ টাকার একটি চেক গত ৯ জুলাই ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। হলের বিভিন্ন অভ্যন্তরীণ খাত থেকে অনুদানের এই অর্থ সংগ্রহ করা হয়। এই অনুদানের ফলে কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ডের বর্তমান

মূলধন ১ কোটি ২৫ লাখ টাকায় দাঁড়ালো।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, হল সংসদের সভাপতি তানজিনা আক্তার সুমা, সাধারণ সম্পাদক মনিরা শারমিন এবং হলের আবাসিক শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হলের ৭৭জন মেধাবী ছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য হলের প্রভোস্টকে ধন্যবাদ জানান। এর মাধ্যমে হলের ছাত্রীরা উপকৃত হবে এবং লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

৫ শিক্ষার্থীর এএফ মুজিবুর রহমান স্বর্ণপদক লাভ

বিএস সম্মান ও এমএস পরীক্ষায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের ৫জন মেধাবী শিক্ষার্থী 'এএফ মুজিবুর রহমান স্বর্ণপদক' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ জুলাই ২০১৯ বিভাগীয় মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে এই স্বর্ণপদক তুলে দেন।

গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, এএফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি খুশি কবির এবং ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অধ্যাপক ড. সাজেদা বানু স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যথাযথভাবে গণিত চর্চার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, গণিতে ভুল হলে সমাজের সকল ক্ষেত্রেই ভুল হবে। সফলতা অর্জনের লক্ষ্যে জীবনের প্রতিটি ক্ষেত্রে শৃঙ্খলা মেনে চলার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য বলেন, ভালো মানুষ ও দক্ষ গণিতবিদ হিসেবে গড়ে ওঠতে শিক্ষার্থীদের অবশ্যই নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে।

এএফ মুজিবুর রহমান স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন- ডি এম জুনায়েদ কামাল নিবিড়, সাইফুল ইসলাম, খোকন চন্দ্র, মো. জসিম উদ্দিন এবং জান্নাতুল নাঈমা ইসলাম। এছাড়া, জাতীয় গণিত অলিম্পিয়াডে বিজয়ী হওয়ায় ৫জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানে গণিত বিভাগের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ৬৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব গত ১৪ জুলাই ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিদ্যালয়ের অধ্যক্ষ ড. উম্মে সালেমাসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ছবিতে প্রধান অতিথিকে প্রতিষ্ঠা বার্ষিকী'র কেক কাটতে দেখা যাচ্ছে।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫